

শ্রীশ্রীহরি সঙ্গীত

২৮ নং তাল-গড়খেমটা

চিত্ত পত্র লিখে পাঠাও দেখি *শ্রীগুরুর কাছে;

লিখ, বিনয় পূর্বক চির সেবক,

গুরু ধন, তোমা বই কি প্রাণ বাঁচে ॥

১। নয়ন জলে বানায় কালি, মনপাখী পাথারূপ

কলম করে লও তুলি।

লিখে পাঠাও মনের কালি, যাতে তোর অন্তরের কালি যোচে ॥

২। শ্রীপাদপদ্মে এই নিবেদন, কোন দিন যেন তলব চিঠি

পাঠায় সে শমন।

সেই চিঠি করিতে বারণ, গুরুধন তোমা বই আর কে আছে ॥

৩। শ্রীচরণে এই প্রার্থনা, জন্ম-মৃত্যু-জরা-ব্যাদি বিধির ঘটনা।

অন্তরে মোর এই বাসনা, যাতে সেই বিধির লিখন যায় মুছে ॥

৪। যেদিন পদে শরণ লয়েছি, সেইদিন হ'তে

এ জীবনে মঙ্গলে আছি।

একবার দেখা পেলে প্রাণে বাঁচি, অধীনের নিবেদন পদে যাচে ॥

৫। গৌঁসাই তারকচাঁদের এই অভিলাষ, অশ্বিনী তোর

মানব দেহ করব আমি খাস

এবার মন দিয়ে হ'গে গুরুর দাস, স্বামী মহানন্দ সহায় আছে ॥

২৯ নং তাল-ঠুংরী

অপরূপ এক মানুষ এল ভাই, এল ওড়াকান্দি।

বাঁকা নয়ন জোড়া ভুরু, হেরে দিবানিসি কান্দি ॥

১। আজানুলম্বিত বাহু, তারে গ্রাস করেছে প্রেমরূপ রাহু,

সঙ্গে ভক্ত বহু।

দেখলে স্থির থাকে না কেহ, তার নয়ন বানে বিক্টি ॥

২। দেখে তার রূপের চেহারা, কেউ বলে সেই শটীর গোরা-,

কেউ কয় মাখন চোরা

নব রসে তনু পোরা, বদন জিনি মদন ছাঁদি ॥

* শ্রীগুরু-পূর্ণব্রহ্ম হরিচাঁদের পুত্র গুরুচাঁদ।